## Sanatan Dharma

---

**পুষ্প শুদ্ধি - ভূমি শুদ্ধি-- জল শুদ্ধি**

**পুষ্প শুদ্ধিঃ--**

পুষ্প পাত্রে হাত রেখে বল:---
**মন্ত্র :---** ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্প সম্ভবে। পুষ্প চয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা॥

**ভূমি শুদ্ধিঃ-**
গন্ধ পুষ্প ভূমিতে ফেলিতে ফেলিতে বলিবে:-
**মন্ত্র** :--- ওঁ আঁধার শক্তয়ে নমঃ
ওঁ কূর্ম্মায় নমঃ
ওঁ অনন্তায় নমঃ
ওঁ পৃথিব্যৈ নমঃ

**জল শুদ্ধিঃ-**
এবার ' ফট ' বলিয়া কোষাকুশীপাত্র ধুবে । পরে ত্রিকোণ মন্ডল আঁকিয়া তাম্র পাত্রটি রাখিবে । পাত্রটি রাখার পর ওঁ মন্ত্র বলিয়া পাত্রে জল দিবে । এবং ফুল দিয়ে মন্ত্র বলিতে বলিতে পূজা করিবে।
**মন্ত্র :---** ওঁ মং বহ্নিমন্ডলায় দশ কলাত্মনে নমঃ
অং সূর্য মন্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ
উং সোম মন্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ

---(উপরোক্ত পদ্ধতির দ্বারা কোষাকুশী শুদ্ধ করিতে হবে)---

একটি ত্রিকোণ মণ্ডল আঁকিয়া তার উপর একটি চতুষ্কোণ আকিয়া কোষায় জল ভরিয়া ও চন্দনযুক্ত ফুল ও বিল্ব পত্র দিয়া অঙ্কুশ মুদ্রার দ্বারা জল স্পর্শ করিয়া বল :-

**মন্ত্র :---** ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলে হস্মিন্ সন্নিধিং কুরু ।।

' ওঁ ' মন্ত্রে জলে গন্ধ পুষ্প দিয়া 'বং' মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া মৎস মুদ্রা দ্বারা ঢাকিয়া নিজের " বীজ মন্ত্র " দশবার জপ করিবে।

জল শুদ্ধির পর ঐ জল বিল্বপত্র দ্বারা পূজোর উপাচারে ও নিজের মাথায় ছিটাইবে ।